রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, ডিসেম্বর ১৭, ২০২৩

[ বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। ]

**বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ**
**৩৭/এ দিলকুশা বা/এ**
**ঢাকা-১০০০।**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২১ কার্তিক, ১৪৩০ বঙ্গাব্দ/০৬ নভেম্বর, ২০২৩ খ্রিষ্টাব্দ

**এস, আর, ও নং ৩০৬-আইন/২০২৩।**—বীমা আইন, ২০১০ (২০১০ সনের ১৩ নং আইন) এর ধারা ১৪৮, ধারা ৮৬ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে কর্তৃপক্ষ, সরকারের অনুমোদনক্রমে, নিম্নরূপ প্রবিধানমালা প্রণয়ন করিল, যথা:—

১। **শিরোনাম ও প্রবর্তন**।—(১) এই প্রবিধানমালা বীমাকারীর গোষ্ঠী লাইফ ইন্স্যুরেন্স পলিসির অধীন নিশ্চিতকৃত অর্থ গ্রহণের জন্য মনোনয়ন প্রবিধানমালা, ২০২৩ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **সংজ্ঞা**।—(১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই প্রবিধানমালায়,—

(ক) “অ্যাফিনিটি গ্রুপ” অর্থ কোনো সাধারণ উদ্দেশ্য বা লক্ষ্যকে কেন্দ্র করিয়া গঠিত কোনো গোষ্ঠী, যাহার সহিত সংশ্লিষ্ট ব্যক্তিগণ আনুষ্ঠানিক বা অনানুষ্ঠানিকভাবে (লিখিত চুক্তি ব্যতিরেকে) জড়িত;

(খ) “গোষ্ঠী লাইফ ইন্স্যুরেন্স” অর্থ এইরূপ বীমা যাহা একটি মাত্র চুক্তির আওতায় স্বল্প প্রিমিয়ামে কোনো অ্যাফিনিটি গ্রুপ, সংস্থা বা প্রতিষ্ঠানের সকল সদস্যের জীবনের ঝুঁকি আবরণের (risk coverage) ব্যবস্থা করে;

(গ) "সদস্য" অর্থ গোষ্ঠী লাইফ ইন্স্যুরেন্স পলিসির অধীন কোনো প্রতিষ্ঠানে নিয়োগকৃত কর্মকর্তা বা কর্মচারী বা প্রতিষ্ঠানের গ্রাহক বা অ্যাফিনিটি গ্রুপের সদস্য (অর্থাৎ ব্যাংক, আর্থিক প্রতিষ্ঠান বা এনজিও এর হিসাবধারী ও ঋণগ্রহীতা এবং এসোসিয়েশন, সোসাইটি, সমিতি ইত্যাদির সদস্য) ও তাহাদের পরিবারের সদস্য বা সদস্যগণ;

(ঘ) "মনোনীত ব্যক্তি" অর্থ কোনো ব্যক্তির প্রতিনিধি হিসাবে কাজ করিবার জন্য তৎকর্তৃক লিখিতভাবে মনোনীত কোনো ব্যক্তি বা গোষ্ঠী।

(২) এই প্রবিধানমালায় ব্যবহৃত যেসকল শব্দ বা অভিব্যক্তির সংজ্ঞা প্রদান করা হয় নাই সেই সকল শব্দ বা অভিব্যক্তি বীমা আইন, ২০১০ (২০১০ সনের ১৩নং আইন) এবং বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ আইন, ২০১০ (২০১০ সনের ১২নং আইন) এ যেই অর্থে ব্যবহৃত হইয়াছে সেই অর্থে ব্যবহৃত হইবে।

৩। **গোষ্ঠী লাইফ ইন্স্যুরেন্স পলিসির জন্য মনোনয়ন পদ্ধতি**।—(১) গোষ্ঠী লাইফ ইন্স্যুরেন্স পলিসির আওতাধীন কোনো সদস্য, যেই প্রতিষ্ঠানে কর্মরত বা অ্যাফিনিটি গ্রুপের ক্ষেত্রে যেই প্রতিষ্ঠানের সদস্য সেই প্রতিষ্ঠান, বা তাহার পরিবারের এক বা একাধিক সদস্য বা পলিসির অধিভুক্ত সদস্য কর্তৃক মনোনীত অন্য যেকোনো ব্যক্তিকে তফসিলে উল্লিখিত তথ্য প্রদানপূর্বক মনোনয়ন প্রদান করিতে পারিবেন।

(২) কোনো সদস্য, যেই প্রতিষ্ঠানে কর্মরত বা যেই অ্যাফিনিটি গ্রুপের অধিভুক্ত সেই প্রতিষ্ঠান ব্যতিরেকে, তাহার পরিবারের এক বা একাধিক সদস্যকে মনোনয়ন প্রদান করিতে চাহিলে তফসিলে উল্লিখিত তথ্য প্রদান করিতে হইবে এবং উহা বীমাকৃত প্রতিষ্ঠানের নিকট সংরক্ষিত থাকিবে।

(৩) গোষ্ঠী লাইফ ইন্স্যুরেন্স পলিসির অধিভুক্ত কোনো সদস্যের মৃত্যু হইলে বীমাকারী পলিসির শর্তানুযায়ী বীমাকৃত প্রতিষ্ঠান বা মৃত ব্যক্তির মনোনীত ব্যক্তি বা ব্যক্তিগণকে বীমাকৃত প্রতিষ্ঠান বা গোষ্ঠীর দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি বা ব্যক্তিগণের প্রত্যয়ন সাপেক্ষে পলিসির অধীনে বর্ণিত সুবিধাদি প্রদান করিবে।

(৪) গোষ্ঠী লাইফ ইন্স্যুরেন্স পলিসির অধিভুক্ত কোনো সদস্যের মৃত্যুর সময় মনোনীত ব্যক্তি বা ব্যক্তিগণ জীবিত না থাকিলে উক্ত সদস্যের জন্য প্রযোজ্য উত্তরাধিকার আইন অনুযায়ী তাহার বৈধ উত্তরাধিকারী বা উত্তরাধিকারীগণকে পলিসির অধীন বর্ণিত সুবিধাদি প্রদান করিতে হইবে।

(৫) গোষ্ঠী লাইফ ইন্স্যুরেন্স পলিসির অধিভুক্ত কোনো সদস্য তাহার পলিসির মনোনয়ন বাতিল বা নতুন মনোনয়ন প্রদান করিতে চাহিলে বীমাকৃত প্রতিষ্ঠান বা গোষ্ঠীর মাধ্যমে বীমাকারীর নিকট আবেদন করিতে হইবে এবং বীমাকারী উক্ত আবেদন প্রাপ্তির ১৫ (পনের) কার্য দিবসের মধ্যে উহা নিষ্পত্তি করিয়া সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের মাধ্যমে আবেদনকারীকে অবহিত করিবে।

(৬) মনোনীত ব্যক্তি বা ব্যক্তিগণ নাবালক হইলে মনোনয়নের ক্ষেত্রে বীমাকৃত ব্যক্তি কর্তৃক অভিভাবক নিযুক্ত করিয়া মনোনয়ন প্রদান করিতে হইবে বা বীমাকৃত ব্যক্তি অভিভাবক নিযুক্ত না করিয়া থাকিলে Guardians and Wards Act, 1890 (Act No. VIII of 1890) অনুযায়ী অভিভাবক নিযুক্ত হইবে।

**তফসিল**

**[প্রবিধান ৩ দ্রষ্টব্য]**

গোষ্ঠী লাইফ ইন্স্যুরেন্স পলিসির অধিভুক্ত সদস্য কর্তৃক মনোনীত ব্যক্তি বা ব্যক্তিগণের তথ্য

তারিখ :

পলিসি নং :

প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা :

প্রতিষ্ঠানের মোবাইল নম্বর :

প্রতিষ্ঠানের ই-মেইল :

| **বীমাকৃত ব্যক্তির তথ্য** | | | | | | | **মনোনীত ব্যক্তি বা ব্যক্তিগণ-এর তথ্য** | | | | | | | | | **অন্যান্য তথ্য (যদি থাকে)** |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ক্রমিক নং | বীমাকৃত ব্যক্তির নাম ও পদবি | প্রাতিষ্ঠানিক পরিচিতি নম্বর | জন্ম তারিখ | মূল বেতন (প্রযোজ্য ক্ষেত্রে) | বীমা অংক | ব্যাংক হিসাব নং (প্রযোজ্য ক্ষেত্রে) | নাম | মনোনীত ব্যক্তি বা ব্যক্তিগণ এর ছবি | বীমাকৃত ব্যক্তির সহিত সম্পর্ক | পলিসির অধীন বর্ণিত সুবিধার শতকরা হার | অপ্রাপ্তবয়স্ক হইলে অভিভাবকের নাম, জাতীয় পরিচয় পত্র নং, ব্যাংক হিসাব নং (যদি থাকে) এবং মনোনীত ব্যক্তির সহিত সম্পর্ক | বর্তমান ও স্থায়ী ঠিকানা | জাতীয় পরিচয়পত্র নং/ জন্ম নিবন্ধন নং/ পাসপোর্ট নং | ব্যাংক হিসাব নং (যদি থাকে) | মনোনীত ব্যক্তি বা ব্যক্তিগণ-এর মোবাইল নম্বর এবং ই-মেইল | |
| | | | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | | | |

বীমাকৃত প্রতিষ্ঠান প্রধানের/প্রতিনিধির স্বাক্ষর

কর্তৃপক্ষের আদেশক্রমে

**মোহাম্মদ জয়নুল বারী**
চেয়ারম্যান
বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd